দর্শনার বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রীদের মাঝে সাইকেল বিতরণ

চুয়াডাঙ্গা সদর উপজেলার হিজলগাড়ী, খাড়াগোদা, বেগমপুর-যদুপুর ও কোটালী মাধ্যমিক বিদ্যালয়ের দরিদ্র মেধাবী ছাত্রীদের মাঝে বিনামূল্যে বাইসাইকেল এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অসমাপ্ত আত্ম জীবনী মূলোক বই বিতরণ করা হয়েছে।

বুধবার সকাল ১০ থেকে দুপুর পর্যন্ত প্রতিষ্ঠানগুলোতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে এসব উপকরণ বিতরণ করেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজি আলী আজগার টগর।

এসময় প্রধান অতিথি বলেন, নাগরিক জীবনে শিক্ষার গুরুত্ব অপরিসীম। বর্তমান তথ্য প্রযুক্তির যুগে উত্তরণের শ্রেষ্ঠ সোপান হচ্ছে শিক্ষা। জগৎ ও জীবন স¤পর্কিত বাস্তব ধারণাকেও জ্ঞান বা শিক্ষা বলে অভিহিত করা হয়। শিক্ষাকে পুঁজি করেই পৃথিবীর সেরা জাতিসমূহ উন্নতির স্বর্ণ শিখরে উঠতে সক্ষম হয়েছে। রক্তার্জিত স্বাধীন দেশে উন্নত-সমৃদ্ধ জীবন প্রত্যাশী জাতি হিসেবে আমাদের জীবনে শিক্ষার ভ‚মিকা অপরিসীম। শিক্ষা একটি দীর্ঘমেয়াদি বিনিয়োগ কিন্তু মানুষের সুকুমার বৃত্তি, মানবিকতার উৎকর্ষ সাধন এবং স্বয়ম্ভরতা অর্জনের শ্রেষ্ঠ হাতিয়ার। জাতির স্থায়িত্বশীল উন্নয়নে শিক্ষা একটি নিরন্তন প্রক্রিয়া। এ উপলব্ধি এবং দৃঢ় বিশ্বাস থেকে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিব স্বাধীনতাত্তোর যুদ্ধবিধ্বস্ত দেশের পুনর্গঠনে আর্থিক সংকট সত্তে¡ও শিক্ষার ওপর সর্বাধিক গুরুত্ব দিয়েছিলেন।

শিক্ষা ব্যবস্থা বাস্তবায়নের মাধ্যমে সহমর্মিতা ও স্বদেশ প্রেমে উদ্দীপ্ত একটি উদার মানবিকতা স¤পন্ন আধুনিক সমাজ নির্মাণ করা। কিন্তু ৭৫ এর ১৫ আগস্টের নারকীয় হত্যাকাÐ◌ের ফলে তাঁর মহান উদ্যোগ তথা পুরো জাতির স্বপ্ন-আশা ধূলিসাৎ হয়ে যায়। বাঙালি জাতির শত বছরের সফল সংগ্রামী ইতিহাস, ঐতিহ্য এমনকি মুক্তিযুদ্ধের চেতনা মুখ থুবড়ে পড়ে। দেশ পশ্চাদমুখী গহŸরে নিমজ্জিত হয়। দীর্ঘ ২১ বছরের প্রতীক্ষা, প্রতিরোধ, সংগ্রাম এবং আতœত্যাগের বিনিময়ে জাতি বঙ্গবন্ধু মুজিবের সুযোগ্য কন্যা শেখ হাসিনার নেতৃত্বে আবারো হারানো মর্যাদা এবং অভীষ্ট লক্ষ্যে এগিয়ে যাওয়ার পথ খুঁজে পায়।

তিনি আরও বলেন, বিশেষ করে নারীদের এগিয়ে নিতে প্রথমিক বিদ্যালয় থেকে উচ্চ বিদ্যালয় পর্য়ন্ত নানান সুযোগ সুবিধার ব্যবস্থা করেছে সরকার। দুরদুরান্ত থেকে মেয়েরা যাতে বিদ্যালয়ে আসতে পারে তার জন্যই আজকের এসাইকেল বিতরণ। যদি প্রয়োজনের তুলনায় কম। আগামীতে যেন আরও বেশি করে সাইকেল বিতরণ করতে পারি তার ব্যবস্থা করব। সাইকেলের পাশাপাশি জাতীর জনকের যে অসমাপ্ত আতœজীবনী বইটি দিয়েছি সেটি তোমরাসহ পরিবারের সবাইকে পড়তে বলবা। তাহলেই জানতে পারবা বঙ্গবন্ধু কি ছিলেন।

হিজলগাড়ী মাধ্যমিক বিদ্যালয়ের সহকারি প্রধান শিক্ষক আলী হোসেনের উপস্থপনায় বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি সাইফুল আজম মিন্টুর সভাপতিত্বে অনুষ্ঠনে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, প্রধান শিক্ষক আনোয়ার হোসেন স্বপন, চুয়াডাঙ্গা সদর উপজেলার নির্বাহী অফিসার শামীম ভূইয়া, নেহালপুর ইউনিয়ন আ.লীগের আহবায়ক মোবারক আলী, যুগ্নআহবায়ক হামিদুল্লাহ, দোস্ত বাজার কমিটির সাধারণ সম্পাদক মিজানুর রহমান, খাড়াগোদা বিদ্যালয়ের অনুষ্ঠনে উপস্থিত ছিলেন গড়াইটুপি ইউপি চেয়ারম্যান শফিকুর রহমান রাজু, সভাপতি আব্দুল খালেক, বেগমপুর-যদুপুর মাধ্যমিক বিদ্যালয়ের সভাপতি আব্বাচ আলী, কোটালী মাধ্যমিক বিদ্যালয়ের সভাপতি ইছাহাক আলী মাষ্টারসহ স্থানীয় আ.লীগ, যুবলীগ নেতৃবৃন্দ। প্রধান অতিথি সংসদ সদস্য ৪টি প্রতিষ্ঠনে বিনামূল্যে ছাত্রীদের মধ্যে ১১৬ টি বাইসাইকেল বিতরণ করেন।

বেগমপুর ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক আসলামকে দল থেকে বহিষ্কার

চুয়াডাঙ্গার বেগমপুর ইউনিয়ন বিএনপি’র সাধারণ সম্পাদক আসলাম হোসেনকে দায়িত্ব থেকে অব্যাহতি দেয়া হয়েছে।

গত সোমবার চুয়াডাঙ্গা জেলা বিএনপি’র আহ্বায়ক মাহমুদ হাসান খান বাবু ও সদস্য সচিব মো. শরীফুজ্জামান শরীফ স্বাক্ষরিক এক

প্রেসবিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়ে বলা হয়, বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি চুয়াডাঙ্গা সদর উপজেলার বেগমপুর ইউনিয়ন শাখার নির্বাচিত সাধারণ সম্পাদক মোঃ আসলাম হোসেনকে দলীয় শৃঙ্খলা ভঙ্গের দায়ে নিজ পদ থেকে অব্যাহতি দেওয়া হয়েছে।

একই সাথে মো. আব্দুর রহিম বাদশাকে বেগমপুর ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদকের দায়িত্ব দেওয়া হয়েছে। এখন থেকে তিনি সাধারণ সম্পাদক হিসেবে বিএনপির সকল দায়িত্ব পালন করবেন।

উল্লেখ্য মো. আসলাম হোসেন ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক থাকা অবস্থায় গত ১৫ আগস্ট শেখ মুজিবুর রহমানের পুষ্পস্তবক অর্পণ করেন। দল পর্যায়ের নেতাকর্মীরা তার শাস্তিমূলক ব্যবস্থার দাবি জানান।

তারই পরিপ্রেক্ষিতে চুয়াডাঙ্গা জেলা বিএনপির আহ্বায়ক মাহমুদ হাসান খান বাবু ও সদস্য সচিব মো. শরীফুজ্জাম শরীফ এ সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

আলমডাঙ্গার কুমারি ‘বীর নিবাস’ নির্মাণে অনিয়ম। নিম্নমানের সামগ্রী ব্যবহারের অভিযোগ

আলমডাঙ্গায় বীর মুক্তিযোদ্ধাদের আবাসন (বীর নিবাস) নির্মাণ কাজে ব্যাপক অনিয়মের অভিযোগ উঠেছে। একই গ্রামে দুই মুক্তিযোদ্ধার দুই ঘর নির্মাণে ভিন্ন মাত্রার অনিয়মের অভিযোগ পাওয়া গেছে।

অভিযোগসূত্রে জানা যায়,আলমডাঙ্গা উপজেলায় মুক্তিযোদ্ধাদের জন্য ৪৯ টি “বীর নিবাস’ নির্মাণ করা হচ্ছে। ১৩ লাখ ৪০ হাজার টাকা ব্যয়ে প্রতিটি বীর নিবাস নির্মাণ করা হচ্ছে।

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কার্যালয় সূত্রে জানা যায়, ২০২০-২০২১ অর্থ বছরে মুক্তিযোদ্ধা মন্ত্রণালয় থেকে আলমডাঙ্গা উপজেলায় ৪৯ জন বীর মুক্তিযোদ্ধা পরিবারকে আবাসন (বীর নিবাস) নির্মাণের জন্য ৬৫ কোটি ৮০ লাখ ৭ হাজার টাকা বরাদ্দ পাওয়া যায়।

যার প্রতিটি ঘরের নির্মাণের জন্য ব্যয় ধরা হয় ১৩ লাখ ৪৩ হাজার টাকা। দরপত্র আহ্বান করা হলে উন্মুক্ত দরপত্রের মাধ্যমে ঠিকাদার নির্বাচিত হন আলমডাঙ্গা নীলমণিগঞ্জের বখতিয়ারের ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স বখতিয়ার উদ্দীন।

উপজেলার কুমারী গ্রামে দুটি বীর নিবাস নির্মাণ করা হচ্ছে। বীর মুক্তিযোদ্ধা ইউসুফ আলী ও ফরোজ আলীর পরিবারের জন্য। কার্যাদেশ পেয়ে ঘরের নির্মাণ কাজ শুরু করেন ওই ঠিকাদার।

কিন্তু ঠিকাদার নির্মাণ কাজের নিয়ম-কানুনের তোয়াক্কা না করে নিম্নমানের নির্মাণ সামগ্রী ব্যবহার করে নির্মাণ কাজ চালিয়ে যাচ্ছেন বলে অভিযোগ উঠেছে। ১নং ইটের পরিবর্তে ২ নং ইট ব্যবহার ও নির্মাণ কাজে পরিমাণ মতো সিমেন্টও ব্যবহার করা হচ্ছে না বলে অভিযোগ করেছেন খোদ উপকারভোগী বীর মুক্তিযোদ্ধা ইউসুফ আলী।

নিবাসটি নির্মাণে ২ নং ইট ও ৬:১ (বালি:সিমেন্ট) হারে ও বীর মুক্তিযোদ্ধা ফরোজ আলীর নিবাস নির্মাণে বালু: সিমেন্টের পরিমাণ ৫:১ ব্যবহার করা হচ্ছে।

গ্রামবাসীরা অভিযোগ করে বলেছেন যে, বীর মুক্তিযোদ্ধা ফরোজ আলীর তুলনায় বীর মুক্তিযোদ্ধা ইউসুফ আলী বয়সের ভারে নুয়ে পড়েছেন। সে কারণে তাঁব ঘর নির্মাণে আরও বেশি অনিয়ম হচ্ছে।

বীর মুক্তিযোদ্ধা ইউসুফ আলী অভিযোগ করে বলেন যে, ২ নং ইট দিয়ে জাতির শ্রেষ্ঠ সন্তানের ঘর নির্মাণ করা হচ্ছে। এটা জাতির জন্য কলঙ্কের। তাছাড়া সিমেন্টের ভাগ কম ও বালি বেশি দেওয়া হচ্ছে। এই অনিয়মে আমি খুব কষ্ট পেয়েছি।

সংশ্লিষ্ট ঠিকাদার বখতিয়ার উদ্দীন জানান, “কাজটি আমি করছি না। আমার নিকট থেকে কিনে নিয়ে মহাসিন নামের এক ব্যক্তি করছেন। নির্মাণ কাজে ২ নং ইট ব্যবহার করা হলে ইট ফেরত নিয়ে ১ নং ইট দিয়ে নির্মাণ করা হবে।

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এনামুল হক বলেন, “বীর নিবাস” নির্মাণে একটি ঘরেও নিম্নমানের সামগ্রী ব্যবহারের অভিযোগ পেলে সেটি মেনে নেওয়া হবে না। কোনো ঘরে এ ধরনের অভিযোগ পেলে তদন্ত সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। ইটসহ নিম্নমানের নির্মাণ সামগ্রী গ্রহণযোগ্য হবে না।

জীবননগরে দুই ওষুধের ফার্মেসিকে জরিমানা

চুয়াডাঙ্গার জীবননগর বাসস্ট্যান্ডে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে দুটি ওষুধের ফার্মেসিকে ১২ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

মঙ্গলবার বেলা ১টার দিকে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে জরিমানা আদায় করেন নির্বাহী ম্যাজিস্ট্রেট ও জীবননগর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) তিথি মিত্র।

ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা গেছে, ড্রাগ আইনের ২৭ ধারায় টিপটপ ফার্মেসির মালিক এটিএম জুয়েলকে ২ হাজার টাকা জরিমানা করা হয়। আর একই ধারায় তরফদার মেডিসিন হাউজকে ১০ হাজার টাকা জরিমানা করা হয়।

এ সময় চিকিৎসকদের উপহার হিসেবে দেওয়া প্রায় ৩০ হাজার টাকার ওষুধ (স্যাম্পল ওষুধ) জব্দ করা হয়। এ ছাড়া ফার্মেসি থেকে জব্দ করা মেয়াদউত্তীর্ণ ওষুধ ধ্বংস করা হয়।

অভিযানে সহযোগিতা করেন চুয়াডাঙ্গা ওষুধ প্রশাসকের সহকারী পরিচালক কে এম মুহসীনিন মাহবুবসহ জীবননগর থানা-পুলিশের একটি দল।

জীবননগরে অতিরিক্ত দামে সার বিক্রি করার অপরাধে ব্যবসায়ীকে জরিমানা

জীবননগরে অতিরিক্তি দামে সার বিক্রি করায় এক বিসিআইসি ডিলারকে ৫০ হাজার টাকা জরিমানা করেছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

সোমবার দুপুরে জীবননগর হাসপাতাল গেটের সামনে মেসার্স হক ট্রেডার্সকে এই জরিমানা করা হয়। জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর চুয়াডাঙ্গা জেলা কার্যালয় সূত্রে জানা গেছে, বিসিআইসি সারের ডিলার মেসার্স হক ট্রেডার্সের বিরুদ্ধে অতিরিক্তি দামে সার বিক্রির অভিযোগ ছিল।

এর পরিপ্রেক্ষিতে গতকাল সেখানে অভিযান চালানো হয়। এ সময় ১১০০ টাকা বস্তার ইউরিয়া সার ১২৫০ টাকায়, ১১০০ টাকার টিএসপি সার ১৭০০ টাকায় এবং ৮০০ টাকার ডিএপি ৯৫০ টাকায় বিক্রির প্রমাণ পাওয়া যায়।

তাই বিসিআইসি সারের ডিলারকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন-২০০৯ এর ৪০ ধারায় ৫০ হাজার টাকা জরিমানা করা হয়। এ ছাড়া অতিরিক্ত দামে সার বিক্রির দুটি রশিদ বই জব্দ করা হয়।

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর চুয়াডাঙ্গা জেলা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহমেদ বলেন, জনস্বার্থে এ অভিযান অব্যাহত থাকবে।

দর্শনায় ৭শ পিচ ট্যাপেনন্ডা ট্যাবলেটসহ গ্রেফতার-১

দর্শনায় অভিযান চালিয়ে ৭শ পিচ ট্যাপেন্ডাল ট্যাবলেটসহ জীবননগরের আক্তারুজ্জামান লিটনকে গ্রেফতার করেছে দর্শনা থানা পুলিশ।

জানা যায় রবিবার বিকাল সাড়ে ৫ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ এ এইচ এম লুৎফুল কবিরের নেতৃত্বে দর্শনা থানার এসআই(নিঃ) শামীম রেজা এএসআই (নিঃ) সানোয়ার হোসেন, এএসআই(নিঃ) তুহিনুজ্জামান, সঙ্গীয় ফোর্সসহ গোপন সংবাদের ভিত্তিতে মাদক বিরোধী অভিযান চালায় প্রতাপপুর ওয়াজিদ মল্লিকের পুকুর পাড়ের পাকা রাস্তার উপর।

এ সময় পুলিশ ভারতীয় নিষিদ্ধ ৭শ পিচ ট্যাপেন্ডাল ট্যাবলেটসহ জীবননগর থানার নতুনপাড়া গ্রামের মোক্তার হোসেনের ছেলে

আক্তারুজ্জামান লিটন কে গ্রেফতার করে।

এ ঘটনায় দর্শনা থানা পুলিশ মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে

আলমডাঙ্গার হারদিতে বোমা সাদৃশ্য বস্তু উদ্ধার

আলমডাঙ্গার হারদি ইউনিয়নের গোপালদিয়ার গ্রাম থেকে দুটি বোমা সাদৃশ্য বস্তু উদ্ধার করেছে পুলিশ।

পুলিশ জানায়, রোববার উপজেলার হারদি ইউনিয়নের গোপালদিয়ার গ্রামের মসজিদ প্রাঙ্গণ থেকে লাল টেপ মোড়ানো বোমা সাদৃশ্য পড়ে থাকতে দেখে পুলিশে খবর দেয় স্থানীয়রা।

পরে পুলিশ ঘটনাস্থলে পৌছে বোমা দুটি উদ্ধার করে। তবে এঘটনায় কে বা কারা জড়িত তাদের কাউকে গ্রেফতার করতে পারেনি পুলিশ।

আলমডাঙ্গা থানার পরিদর্শক (ওসি) সাইফুল ইসলাম জানান, গোপালদিয়ার গ্রাম থেকে দুটি লাল টেপে মোড়ানো বোমা সাদৃশ্য বস্তু উদ্ধার করা হয়েছে। কে বা কাহারা এটি কোন উদ্দেশ্যে রেখে তা জানাযায়নি। তদন্ত চলছে, পরবর্তীতে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

দামুড়হুদায় সার বেশি দামে বিক্রি করায় জরিমানা

দামুড়হুদার কুড়ুলগাছি বাজারে ভোক্তা পর্যায়ে বেশি দামে সার বিক্রি করার অপরাধে ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়েছে।

ভ্রাম্যমাণ আদালতটি পরিচালনা করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সানজিদা বেগম। শনিবার সকাল ১০টার দিকে তিনি এ ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।

এসময় কুড়ুলগাছি বাজরের কাউন্সিল মোড়ে অবস্থিত মেসার্স রফিক ট্রেডার্সে ভোক্তা পর্যায়ে বেশি দামে সার বিক্রি করছে এমন অভিযোগের ভিত্তিতে সার ব্যবস্থাপনা আইন ২০০৬ এর ১২ ধারা মোতাবেক দোষী প্রমাণিত হওয়ায় তাকে ৫ হাজার টাকা জরিমানা আদায় করেন।

এসময় নির্বাহী ম্যাজিস্ট্রেট সানজিদা বেগম বলেন, কেউ যাতে কৃত্রিম সংকট দেখিয়ে সারের দাম বেশি না নিতে পারে, সে বিষয়ে তদারকি ও ভ্রাম্যমাণ আদালত জোরদার করা হবে।

আলমডাঙ্গায় ১০ পিস ইয়াবাসহ আটক-১

আলমডাঙ্গার রোয়াকুলি ১০ পিস ইয়াবা ট্যাবলেটসহ আকাশ (২৫) নামে এক যুবককে আটক করেছে পুলিশ।

শুক্রবার রাত ৮টার দিকে আলমডাঙ্গা থানার এসআই শরীয়তুল্লাহ জেহালা ইউনিয়নের রোয়াকুলি গ্রাম থেকে আটক করেন। সে রোয়াকুলি গ্রামের সাহাবুলের ছেলে।

আগামীকাল শনিবার তাকে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হবে বলে আলমডাঙ্গা থানার (ওসি) সাইফুল ইসলাম নিশ্চিত করেছেন।

পরিদর্শক (ওসি) সাইফুল ইসলাম বলেন, ‘মাদক বিক্রির গোপন সংবাদ পেয়ে থানার এসআই শরীয়তুল্লাহ সঙ্গীয় ফোর্স নিয়ে রোয়াকুলি গ্রামে অভিযান পরিচালনা করেন। এসময় সন্দেহ মূলক ভাবে আকাশকে আটক করে। শরীর তল্লাশি করে ১০ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করে। এ ঘটনায় আলমডাঙ্গা থানায় মাদকদ্রব্য আইনে মামলা হয়েছে।

দর্শনায় ফেনসডিলসহ নারী মাদক ব্যবসায়ী আটক

দর্শনা থানা পুলিশ অভিযান চালিয়ে ৩৬ বোতল ফেনসডিলসহ এক মহিলা মাদক ব্যবসায়ীকে আটক করেছে।

জানাগেছে, শুক্রবার দুপুর সোয়া ২টার দিকে গোপন সংবাদের ভিত্তিত্বে দর্শনা থানার অফিসার ইনচার্জ এ,এইচ,এম লুৎফুল কবীরের নেতৃত্বে থানার এস,আই তারিকুজ্জামান সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন দর্শনা থানাধীন রামনগর গ্রামস্থ রামনগর ফুটবল মাঠের পূর্ব পাশে পাকা রাস্তার উপর।

এসময় উক্তস্থানে অভিযান পরিচালনা কালে ভারতীয় ৩৬ বোতল ফেন্সিডিলসহ পিনজিরা খাতুন (৩৫) নামের এক মহিলা মাদক ব্যবসায়ীকে আটক করেন। আটক মাদক ব্যবসায়ী চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার মাজারপোতা গ্রামের বাসিন্দা ও তরিকুল ইসলামের স্ত্রী।

আটক মাদক ব্যবসায়ীর বিরুদ্ধে দর্শনা থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু করা হয়েছে। পিনজিরা খাতুনকে ১৯৭৪ সালের মাদক আইনে মামলাসহ চুযাডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।